

সম্প্রদায়ের অংশীদারদের জন্য: COVID-19 টিকা সম্পর্কে কথা বলা এবং আত্মবিশ্বাস তৈরি করা

সম্প্রদায়ের অংশীদাররা টিকার উপর আস্থা তৈরি করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সরকার এবং ক্লিনিকাল উৎস থেকে পাওয়া তথ্যের সম্প্রদায়ের সদস্যদের কাছে বিশেষ অর্থ বা গুরুত্ব নাও থাকতে পারে। বিশ্বস্ত সম্প্রদায়ের অংশীদাররা টিকার বিষয়টি এমনভাবে পেশ করতে ও শেয়ার করতে পারে যা সম্প্রদায়ের সদস্যরা বুঝতে পারেন।

বার্তা সংক্রান্ত মূল বিষয়গুলি

COVID-19 টিকাগুলি সম্পর্কে স্পষ্ট এবং সঠিক তথ্য শেয়ার করা তাদের প্রতি আস্থা তৈরি করার জন্য অপরিহার্য। মেসেজিং হল সামগ্রিক পথ এবং পদ্ধতি বর্ণনা করার একটি শব্দ যার দ্বারা কেউ একটি বিষয় সম্পর্কে তথ্য প্রস্তুত করেন এবং শেয়ার করেন। বৈজ্ঞানিক প্রমাণের মধ্যে এর ভিত্তি থাকা উচিত এবং পরিভাষা বা কঠিন ভাষা ছাড়াই উপস্থাপন করা উচিত। বার্তা তৈরি করা এবং শেয়ার করার সময়, সম্প্রদায়ের অংশীদারদের উচিত নির্ভরযোগ্য উৎস থেকে হালনাগাদকৃত নির্দেশিকা ব্যবহার করা, যেমন NYC স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি দপ্তর (NYC স্বাস্থ্য বিভাগ) এবং রোগ প্রতিরোধ এবং নিয়ন্ত্রণ কেন্দ্রগুলি।

মূল বার্তা পাঠানোর পরামর্শগুলি:

- টিকা এবং অন্যদের অভিজ্ঞতা সম্পর্কে ব্যক্তিগত গল্প শেয়ার করুন।
- খাঁটি হোন।
- নিশ্চিত করুন যে আপনার মেসেজিং সহজ এবং পরিষ্কার।

মূল বার্তাগুলি:

- COVID-19 টিকাগুলো নিরাপদ।
- টিকা সমাজ এবং তাতে থাকা সকলকে রক্ষা করে।
- টিকা আমাদের শহরকে পুনরুদ্ধার লাভ করতে সাহায্য করে।

বার্তা প্রস্তুত এবং তৈরি করার ধাপগুলি

আপনার নিজের মেসেজিং তৈরি এবং শেয়ার করার জন্য আপনি যে পদক্ষেপগুলি নিতে পারেন তা এখানে রয়েছে:

ধাপ 1: আপনার শ্রোতাদের জানুন


- আপনার শ্রোতাদের সংজ্ঞায়িত করুন।
- আপনি কাদের কাছে পৌঁছানোর চেষ্টা করছেন?

তাদের কাছে কী অর্থপূর্ণ এবং গুরুত্বপূর্ণ তা নির্ধারণ করুন।

- আপনার শ্রোতাদের মান এবং উদ্বেগগুলি কি?
- আপনার শ্রোতাদের টিকা নিয়ে কি কি প্রশ্ন আছে?

**NYC VACCINE FOR ALL:
SAFE, FREE, EASY**

NYC
Health



ধাপ 2: আপনার বার্তা প্রস্তুত করুন

আপনার শ্রোতাদের মান এবং উদ্বেগের উপর ভিত্তি করে বিষয়বস্তু প্রস্তুত করা।

- কোন ভাষা, টোন এবং ছবিগুলি আপনার দর্শকদের মনে সাড়া জাগাবে?
- কোন ফর্ম্যাট (যেমন ক্লায়ার বা ইমেল) আপনার দর্শকদের কাছে সব চেয়ে ভালোভাবে পৌঁছাবে?

আপনার শ্রোতাদের সাথে বার্তার ধারণাগুলি শেয়ার করুন এবং জিজ্ঞাসা করুন কোন কোন জিনিসগুলি কাজ করে এবং কোন কোন জিনিস উন্নত করা যেতে পারে।

এখানে কয়েকটি উদাহরণ আছে:

শ্রোতার মান বা উদ্বেগ	কিসের উপর নজর দেবেন	বার্তার উদাহরণ
প্রথা ও সংস্কৃতি	টিকাদান ইতিহাস, সাংস্কৃতিক গর্ব, এবং পরিবারগুলীর জন্য সম্মান এবং ঐতিহ্য সংরক্ষণ করতে সাহায্য করে।	“রমজান শেষ হওয়ার সাথে সাথে, পরিবার এবং বন্ধুদের সাথে নিরাপদে ঈদ কাটাতে টিকা নিন।” “টিকা নেওয়া বয়স্ক প্রাপ্তবয়স্কদের রক্ষা করতে সাহায্য করে।”
সম্প্রদায়	সম্প্রদায়ের অংশগ্রহণ এবং জ্ঞান মেসেজিংকে সাংস্কৃতিকভাবে প্রাসঙ্গিক করে তোলে।	“টিকা নেওয়া আমাদের সম্প্রদায়কে নিরাপদ রাখতে এবং আমাদের সম্মিলিত স্বাস্থ্যকে রক্ষা করতে সহায়তা করে।”
পরিবার	টিকাকরণ আমাদের পরিবারের সাথে থাকতে এবং একে অপরকে রক্ষা করতে সক্ষম করে।	“COVID-19 এক বছরেরও বেশি সময় ধরে বহু পরিবারকে পৃথক করেছে, কিন্তু টিকাগুলি আমাদের প্রিয়জনদের সাথে আমাদের আবার মিলিত হতে সাহায্য করার জন্য উপস্থিত।”
সাম্প্রদায়িক গির্জার কার্যক্রম	টিকাকরণ আমাদের অন্যদের সাথে নিরাপদে একত্রিত হতে সক্ষম করে।	“যদিও আমরা পৃথক ছিলাম, টিকা আমাদের আবার এক সাথে হতে সক্ষম করে একটি জনসমাজ হিসেবে।”
টিকা নেওয়ার জন্য কাজে অনুপস্থিত হওয়া	কর্মীদের সুরক্ষা বলবৎ আছে যাতে আপনি টিকা নিতে পারেন এবং টিকা দেওয়ার দীর্ঘমেয়াদী সুবিধা রয়েছে।	“আপনি কি কাজে অনুপস্থিত হওয়ার বিষয়ে নিয়ে চিন্তিত? আপনার কর্মসংস্থান করতে রক্ষা এবং সময়ের জন্য অর্থ প্রদানের জন্য আইন বলবৎ আছে।”
স্বাস্থ্যসেবা এবং সরকারী ব্যবস্থায় অবিশ্বাস	সরকার টিকা এবং সহায়ক পরিষেবা প্রদানের মাধ্যমে কৃষ্ণাঙ্গ সম্প্রদায়গুলিকে রক্ষা করতে চায় যেগুলি COVID-19 এর ফলে অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত হয়েছে।	“বর্ণবাদ প্রতিদিন মানুষের জীবনকে প্রভাবিত করে চলেছে। অনেক প্রতিষ্ঠান কমিউনিটি গ্রুপের সাথে কাজ করার মাধ্যমে বর্ণবাদ মোকাবেলার ক্ষেত্রে পরিবর্তন আনছে। এই প্রতিষ্ঠানগুলি প্রত্যেকের টিকা এবং অন্যান্য সহায়ক পরিষেবাগুলির অ্যাক্সেস আছে তা নিশ্চিত করার জন্যও পদক্ষেপ নিচ্ছে।”

ধাপ 3: আপনার বার্তা শেয়ার করুন

আপনি বা আপনার সংস্থা আপনার বার্তা শেয়ার করতে এবং আপনার শ্রোতাদের কাছে পৌঁছাতে পারে এমন উপায়গুলির একটি তালিকা এখানে রয়েছে। আপনি যেগুলি করতে পারেন তার পাশে একটি চেক চিহ্ন দিন এবং তালিকাভুক্ত নয় এমন অতিরিক্ত জিনিসগুলি লিখে দিন।

- স্থানীয় প্রকাশনা, যেমন সংবাদপত্র বা ম্যাগাজিন
- ব্যক্তি বা গোষ্ঠীর সাথে সম্প্রদায়ের কথোপকথন

- ধর্মীয় কেন্দ্রগুলিতে করা ঘোষণাসমূহ
- হোয়াটসঅ্যাপ গ্রুপসমূহ
- রেডিও বা টক শো, যেমন পডকাস্টসমূহ
- প্রিন্ট সামগ্রী, যেমন নিউজলেটার, ফ্লায়ার, পোস্টার এবং পোস্টকার্ড, যা আপনি হাতে হাতে বিলি করতে অথবা সাইনবোর্ডে বা সম্প্রদায়ের অন্য কোথাও পোস্ট করতে পারেন
- সোশ্যাল মিডিয়াতে করা ভিডিও এবং পোস্ট

একটি চেক মার্ক সহ যা কিছু তাকে অগ্রাধিকার প্রদান করুন এবং প্রতিটি আইটেমের জন্য একটি করে পরিকল্পনা তৈরি করুন, যার মধ্যে লক্ষ্য করার সময়সূচী, ছোটভাবে শুরু করা এবং যেমন উপযুক্ত তেমনভাবে প্রসারিত করা।

ধাপ 4: ভাবুন, পরিমার্জন করুন এবং পুনরাবৃত্তি করুন

কি কাজ করে এবং কি আরো উন্নত করা যেতে পারে তা নির্ধারণ করুন।

- আপনার বার্তা কি আপনার দর্শকদের কাছে পৌঁছেছে, তাদের মনে প্রভাব ফেলেছে এবং টিকার উপর আস্থা তৈরি করতে সাহায্য করেছে?
- আপনার মেসেজিং সামঞ্জস্য করতে এবং আপনি কিভাবে এটি প্রয়োজন অনুযায়ী বিতরণ করেন তা স্থির করতে প্রতিক্রিয়া ব্যক্ত করার ব্যবস্থা যোগ করুন।

পরিমার্জন করার পর সেটি আবার শেয়ার করুন। আপনার প্রচেষ্টা বিশ্বাস তৈরি করতে এবং আপনার শ্রোতাদের আশ্বস্ত করতে সাহায্য করছে।

অতিরিক্ত সংস্থানসমূহ

সম্প্রদায়গুলিকে COVID-19 থেকে রক্ষা করতে সাহায্য করতে এখানে কিছু অতিরিক্ত টিকা এবং COVID-19 সম্পর্কিত সংস্থানসমূহ রয়েছে:

- **NYC স্বাস্থ্য বিভাগের পোস্টার, ফ্লায়ার এবং ভিডিও:**
 - পোস্টার এবং ফ্লায়ারের জন্য, nyc.gov/health/coronavirus এ যান এবং “Posters and Flyers” (পোস্টার্স ও ফ্লায়ার্স) নির্বাচন করুন ওয়েবপেজের বাম পাশে।
 - একাধিক ভাষায় COVID-19 টিকা সম্পর্কিত তথ্যের জন্য, nyc.gov/covidvaccine এ যান।
 - ভিডিওর জন্য youtube.com/nychealth দেখুন।
- **কাইজার ফ্যামিলি ফাউন্ডেশন:** স্বাস্থ্য পরিচর্যার পেশাদাররা সাধারণ টিকা সংক্রান্ত প্রশ্নের উত্তর দিচ্ছেন এমন ভিডিও দেখতে greaterthancovid.org/theconversation এ যান।
- **অ্যাড কাউন্সিল:** সংস্থান, সৃজনশীল সম্পদ এবং টিকার উপর আস্থা তৈরি করতে মেসেজিং সংক্রান্ত টুলকিটগুলির জন্য, adcouncil.org/covid-vaccine দেখুন।
- **অ্যাম্প্লিফায়ার:** টিকাকরণের প্রচারের জন্য শিল্প এবং ডিজিটাল প্রচারণার জন্য, amplifier.org—এ যান।
- **টিকার উপর বিশ্বাস সংক্রান্ত শৈল্পিক প্রতিক্রিয়ার ভান্ডার:** শিল্পকলা সংক্রান্ত সংস্থানের জন্য এবং টিকার উপর আস্থা তৈরি করার জন্য সংস্কৃতি-ভিত্তিক পন্থার উদ্দেশ্যে, vaccinate.arts.ufl.edu/vaccine-confidence-repository এ যান।
- **জনস্বাস্থ্য সহযোগী:** সোশ্যাল মিডিয়া, ওয়েবসাইট বা উপস্থাপনা সংক্রান্ত ডাউনলোডযোগ্য সামগ্রীর জন্য, publichealthcollaborative.org/downloads এ যান।